# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৬৯৩

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১১. তৃতীয় অনুচ্ছেদ - ইহরাম অবস্থায় যা থেকে বেঁচে থাকতে হবে

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِكٍ بن بُحَيْنَةَ قَالَ: احْتَجَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مُحْرِمٌ بِلَحْيِ جَمَلٍ مِنْ طريقِ مكةَ فِي وسط رَأسه

### বাংলা

২৬৯৩-[১৬] ’আব্দুল্লাহ ইবনু মালিক ইবনু বুহায়নাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহরাম বাঁধা অবস্থায় মক্কার পথে ’লুহা- জামাল’ নামক জায়গায় নিজের মাথার মাঝখানে শিঙ্গা লাগিয়েছিলেন। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৬৯৮, মুসলিম ২২০৩, আহমাদ ২২৯২৪, নাসায়ী ২৮৫০, সহীহ ইবনু হিব্বান ৩৯৫৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: কোন কোন বর্ণনায় لحيى جمل আছে, ‘জামাল’ মক্কা নগরীর একটি রাস্তার নাম। হাফিয ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, বাকরী তাঁর ‘‘মু‘জামাহ্’’য় বলেছেন ‘জামাল’ হলো একটি কূপ যার আলোচনা তায়াম্মুম অধ্যায়ের মধ্যে আবূ জাহম-এর হাদীসে বর্ণিত হয়েছে। ইবনু ওয়াযযাহ্ বলেন, ‘জামাল’ হলো জুহফার গিরিপথ মক্কায় হাজীদের পানি পান করানোর স্থান থেকে সাত মাইল দূরে। আল ক্বামূস প্রণেতা বলেন, لحى جمل হলো হারামায়নের মাঝে অবস্থিত একটি স্থান এবং তা মদীনার নিকটবর্তী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57253

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন